মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

নং-১৮.১৪.০১৫৮.১২৫.০২.৩৪৭(অংশ-৭).২০২১-

তারিখ- ৪/০৩/২০২১খ্রিষ্টাব্দ।

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

মোংলা বন্দর কর্তৃপক্ষের অধীন সরাসরি নিয়োগযোগ্য রাজস্বখাতভুক্ত এবং অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজিত নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | ১০/০৩/২০২১ তারিখে বয়স | নিয়োগ বিধি অনুযায়ী প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | লেডি মেডিকেল অফিসার<br>৩৫৫০০-৬৭০১০/- | ০১ | ৩২ বৎসর<br>বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর বয়স শিথিলযোগ্য। | অন্যূন ১ (এক) বৎসরের ইন্টার্নি ট্রেনিং সহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম,বি,বি,এস ডিগ্রী প্রাপ্তির পর ০৭(সাত) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন মহিলা প্রার্থী। গাইনী এবং অবস্ট্রাটিকস এ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হইবে। |
| ২. | প্রোগ্রামার (অস্থায়ী রাজস্ব)<br>৩৫৫০০- ৬৭০১০/- | ০১ | ৩৫ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ০৪(চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কোন সরকারী/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪(চার) বৎসরের চাকুরী; এবং<br>গ) মবক'র নিয়োগ নির্বাচন/বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণ পূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩. | মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অস্থায়ী রাজস্ব)<br>৩৫৫০০- ৬৭০১০/- | ০১ | ৩৫ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>খ) কোন সরকারী/ স্বায়ত্তশাসিত/ আধাস্বায়ত্তশাসিত/ সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী/ সহকারী প্রোগ্রামার/ সিনিয়র কম্পিউটার অপারেটর হিসাবে অন্যূন ০৪(চার) বৎসরের চাকুরী; এবং<br>গ) মবক'র নিয়োগ নির্বাচন/বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণ পূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪. | চিকিৎসা কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- | ০১ | ৩২ বৎসর | অন্যূন ০১(এক) বৎসরের ইন্টার্নি ট্রেনিংসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে এম,বি,বি,এস ডিগ্রী। |
| ৫. | ভান্ডার কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- | ০১ | ৩০ বৎসর | (ক) কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) সরকারী/আধাসরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার পাইবেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬. | মূল্যায়ন কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- | ০১ | ৩০ বৎসর | কমপক্ষে অর্থনীতি বিষয়ে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীতে স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর ডিগ্রী। অর্থনৈতিক বিশ্লেষণ ও পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকার যোগ্য। |
| ৭. | জনসংযোগ কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- | ০১ | ৩০ বৎসর | (ক) সাংবাদিকতা/রাষ্ট্রবিজ্ঞান অথবা আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে কমপক্ষে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান)-সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।<br>(খ) সরকারী/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত সংস্থায় জন-সংযোগ কাজে ০২ বৎসরের অভিজ্ঞতা। |
| ৮. | নিরীক্ষা কর্মকর্তা<br>২২০০০-৫৩০৬০/- | ০১ | ৩০ বৎসর | হিসাব বিজ্ঞানে কমপক্ষে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মান)সহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা একাউন্টিং-এ মেজরসহ এম.বি.এ। |
| ৯. | এ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার (অস্থায়ী রাজস্ব)<br>২২০০০-৫৩০৬০/- | ০১ | ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>খ) মবক'র নিয়োগ নির্বাচন/বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণ পূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০. | এ্যাসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অস্থায়ী রাজস্ব)<br>২২০০০-৫৩০৬০/- | ০১ | ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>খ) মবক'র নিয়োগ নির্বাচন/বাছাই কমিটি কর্তৃক নির্ধারিত নিয়োগ পদ্ধতি অনুসরণ পূর্বক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১. | উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ)<br>১৬০০০-৩৮৬৪০/- | ০১ | ৩০ বৎসর | কমপক্ষে তড়িৎ প্রকৌশল বিষয়ে ডিপ্লোমা। |
| ১২. | ফোরম্যান (তড়িৎ)<br>১৬০০০-৩৮৬৪০/- | ০১ | ৩০ বৎসর | সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ডিপ্লোমা। |
| ১৩. | সিনিয়র স্টাফ নার্স<br>১৬০০০-৩৮৬৪০/- | ০২ | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রাপ্ত।<br>(খ) নার্সিং এ ডিপ্লোমা প্রাপ্তির পর অন্যূন ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মহিলা প্রার্থী। |
| ১৪. | সিনিয়র স্টাফ নার্স (অস্থায়ী)<br>১৬০০০-৩৮৬৪০/- | ০৫ | ৩০ বৎসর | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট প্রাপ্ত।<br>(খ) নার্সিং এ ডিপ্লোমা প্রাপ্তির পর অন্যূন ০২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন মহিলা প্রার্থী। |
| ১৫. | সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর (অস্থায়ী রাজস্ব)<br>১২৫০০-৩০২৩০/- | ০২ | ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রীসহ ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর পদে অন্যূন ০২(দুই) বৎসরের চাকুরী; এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হইবে;<br>গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ০৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;<br>ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে;<br>ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারবেন। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | কম্পিউটার অপারেটর (অস্থায়ী রাজস্ব)<br>১১০০০-২৬৫৯০/- | ০১ | ৩০ বৎসর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক(সম্মান) বা সমমানের ডিগ্রী; এবং<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test -এ উত্তীর্ণ হইতে হইবে;<br>গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ০৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;<br>ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে;<br>ঙ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারবেন। |
| ১৭. | কেয়ার টেকার<br>১০২০০-২৪৬৮০/- | ০৩ | ৩০ বৎসর | কমপক্ষে এইচ.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বৎসরের অভিজ্ঞতা অথবা হোটেল ম্যানেজমেন্টে ডিপ্লোমা। |
| ১৮. | কার মেকানিক<br>৯৭০০-২৩৪৯০/- | ০১ | ৩০ বৎসর | ট্রেড সার্টিফিকেটসহ কমপক্ষে ৮ম শ্রেণী পাস ও সংশ্লিষ্ট ক্ষেত্রে ০৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ১৯. | ট্যাক্স কালেকটর<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | কমপক্ষে এইচ.এস.সি পাসসহ ০৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২০. | ইলেকট্রিশিয়ান<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | এস.এস.সি পাস ও ০২ বৎসর মেয়াদী তড়িৎ বিষয়ে ট্রেড কোর্সসহ ০৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২১. | পাম্প ড্রাইভার<br>৯৩০০-২২৪৯০/- | ০১ | ৩০ বৎসর | এস.এস.সি পাস ও সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটসহ ০৩ বৎসরের অভিজ্ঞতা। |
| ২২. | রীগার<br>৮৮০০-২১৩১০/- | ০১ | ৩০ বৎসর | এস.এস.সি পাসসহ ইলেকট্রনিক্স ট্রেড সার্টিফিকেট। |
| ২৩. | স্টোর খালাসী<br>৮৮০০-২১৩২০/- | ০২ | ৩০ বৎসর | অষ্টম শ্রেণী পাস। সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৪. | ক্লীনার<br>৮২৫০-২০০১০/- | ০১ | ৩০ বৎসর | ৮ম শ্রেণী পাসসহ যান্ত্রিক বিষয়ে ট্রেড সার্টিফিকেট। |

শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন ঠিকানাঃ www.mpajobsbd.com। অনলাইনে আবেদন শুরুর তারিখঃ ১০/০৩/২০২১ তারিখ সকাল ১০.০০ ঘটিকা এবং শেষ সময় ২৫/০৩/২০২১ তারিখ রাত্র ১২.০০ ঘটিকা।

০২। অনলাইনে আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক সফলভাবে সাবমিট করার পর ফাইনাল কম্পিউটার প্রিন্ট আউট কপির সাথে মোংলা বন্দর কর্তৃপক্ষ এর অনুকূলে যে কোন তফশিলী ব্যাংক হতে ১ নংথেকে ১৫ নং ক্রমিকের পদের ক্ষেত্রে **৫০০/- (পাঁচশত) টাকা, ১৬ থেকে ২১ নং ক্রমিকের পদের ক্ষেত্রে ১০০/-(একশত) টাকা এবং ২২ থেকে ২৪ নং ক্রমিকের পদের ক্ষেত্রে ৫০/-(পঞ্চাশ) টাকার** পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য), ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ০৩ কপি ছবি সংযুক্ত করে এবং খামের উপর পদের নাম উল্লেখপূর্বক পরিচালক (প্রশাসন), মোংলা বন্দর কর্তৃপক্ষ, ডাকঘর-মোংলা- ৯৩৫১, জেলা-বাগেরহাট বরাবর **০৫/০৪/২০২১** তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

০৩। আবেদনকারী অনলাইন আবেদনের ০১ কপি সংরক্ষণ করবে। অনলাইনে আবেদন ফরমপূরণ ব্যতিরেকে স্বহস্তে পূরণকৃত আবেদন গ্রহণ করা হবে না। আবেদনপত্র ডাকযোগে অথবা কুরিয়ার যোগে প্রেরণ করতে হবে। হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। সংশ্লিষ্ট সকল সনদপত্রের (যদি থাকে) মূল সনদ ও ০১ কপি করে ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (যদি থাকে) মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে, যা সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নামাঙ্কিত সীলমোহরসহ সত্যায়িত হতে হবে। সরকারি গেজেটেড ১ম শ্রেণির কর্মচারীর নিকট হতে চারিত্রিক সনদপত্র এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সংগে আনতে হবে।

০৫। বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। অনলাইন আবেদনপত্রের ১৭ ও ১৮ নং সারিতে অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ও অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) পরিপূর্ণভাবে উল্লেখ করতে হবে।

০৬। যোগ্য প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচী মবক এর ওয়েব সাইট- www.mpa.gov.bd এ প্রকাশ করা হবে। www.mpajobsbd.com থেকে প্রবেশপত্র ডাউনলোড করে পরীক্ষার সময় সাথে আনতে হবে।

০৭। দরখাস্তে বর্ণিত কোন সনদপত্র, প্রত্যয়নপত্র ও ঘোষিত তথ্যাদি অসত্য প্রমাণিত হলে দরখাস্ত বাতিলসহ ঐ দরখাস্তকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। সরকারি ও অন্যান্য সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৯। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষেত্রে ১০/০৩/২০২১ তারিখে সর্বোচ্চ বয়সসীমা ৩২(বত্রিশ) বৎসর হবে।

১০। সরকারি ছাড়পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য প্রাসংগিক অনুমোদন(প্রকল্পের পদের ক্ষেত্রে পদ সংরক্ষণ) এবং প্রাক-পুলিশ প্রতিবেদন, অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) সন্তোষজনক প্রাপ্তি সাপেক্ষে নির্বাচিত প্রার্থীদের অনুকূলে নিয়োগপত্র ইস্যু করা হবে।

১১। কোন প্রকার তদবির/প্রভাব বিস্তার প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১২। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিলের চূড়ান্ত ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৩। কোটা সংক্রান্ত বিষয়ে সরকারি নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৪। অনলাইন আবেদনের ক্ষেত্রে কোনরূপ সমস্যার সম্মুখীন হলে ২৫/০৩/২০২১ তারিখ রাত ১২-০০ ঘটিকা পর্যন্ত msoftbd@gmail.com ঠিকানায় যোগাযোগ করা হবে।

নং-১৮.১৪৩.০১৫৮.১৩২.০০.০৪৩-১৫৭২

৪/৩/২১

মোঃ গিয়াস উদ্দিন (উপসচিব)
পরিচালক (প্রশাসন)